

প্ৰেক্ষাপট:

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের অন্যতম ম্যান্ডেট হচ্ছে দেশের চাহিদা অনুযায়ী ধানের নতুন নতুন জাত এবং তৎসম্পর্কিত প্রযুক্তি উদ্ভাবন। দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করার লক্ষ্যে ব্লি এ পর্যন্ত দেশের বিভিন্ন অঞ্চল এবং মওসুম উপযোগী ১১৫টি (আউশ, আমন ও বোরো মওসুমভিত্তিক ৮টি হাইব্রিড ও ১০৭টি ইনব্রিড জাত) উন্নত ধানের জাত উদ্ভাবন করেছে। এছাড়া বিনা সহ বেসরকারি পর্যায়ে কিছু সংস্থার উদ্ভাবিত ধানের জাত এবং স্থানীয় পর্যায়ে জাতসমূহ মাঠে চাষাবাদ করা হচ্ছে। গবেষণা সংস্থাসমূহের প্রচলিত পদ্ধতির তথ্যসমূহ সহজলভ্য হওয়া সত্ত্বেও স্থানীয় ও ব্যক্তিগত পর্যায়ে তা কৃষকের চাহিদানুযায়ী এক ও অভিন্ন ফরম্যাটে নেই। ফলে ব্লি কর্তৃক প্রকাশিত Doubling Rice Productivity in Bangladesh মোতাবেক পরিবেশগত অভিযোজন (Ecological adaptation) অনুযায়ী (Hisham et al., 2020) উদ্ভাবিত ধানের জাত ও জাত সংশ্লিষ্ট প্রযুক্তিসমূহ দ্রুততম সময়ে কৃষকের নিকট পৌছানোর ক্ষেত্রে টেকসই ও স্মার্ট মাধ্যম হিসেবে ডায়নামিক মোবাইল ও ওয়েব অ্যাপস এবং ড্যাশবোর্ড তৈরির উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

উদ্দেশ্য:

- পরিবেশগত উপযোগিতা ও শারীরতাত্ত্বিক বৈশিষ্ট্য বিবেচনাপূর্বক অঞ্চলভিত্তিক ধানের উদ্ভাবিত জাতসমূহ চিহ্নিতকরণের জন্য স্মার্ট পদ্ধতি নিরূপণ;
- ঘাত সহনশীল (অনুকূল ও প্রতিকূল) এবং ফলন সম্ভবনা বিবেচনাপূর্বক ধানের উদ্ভাবিত জাতসমূহ চিহ্নিতকরণ;
- পরিবেশগত অভিযোজন (Ecological adaptation) অনুযায়ী দেশের ১৭টি Rice type মোতাবেক উদ্ভাবিত ধানের জাতসমূহকে চিহ্নিতকরণ ও সে মোতাবেক উপজেলা পর্যায়ে উপযুক্ত ধানের জাত বাছাইয়ের সঠিক ও নির্ভুল পদ্ধতির প্রচলন;
- উদ্ভাবিত ধানের জাত ও জাত সংশ্লিষ্ট প্রযুক্তিসমূহ সম্প্রসারণের লক্ষ্যে বিজ্ঞানী, গবেষক, সম্প্রসারণকর্মী, কৃষকসহ সকল ব্যবহারকারীর জন্য অঞ্চলভিত্তিক ধানের জাত নির্ণয়ের ইলেকট্রনিক পদ্ধতি তৈরি;

(বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ)

রচনা ও উদ্ভাবন

১. মোঃ মাহফুজ বিন ওয়াহাব

প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি পরিসংখ্যান বিভাগ

মোবাইল: 01715138826

ইমেইল: skysony1988@yahoo.com; programmer@brii.gov.bd

২. ড. মোঃ ইসমাইল হোসেন

সিএসও ও প্রধান, কৃষি পরিসংখ্যান বিভাগ

মোবাইল: 01716124943

ইমেইল: mihossain2@yahoo.com; head.stat@brii.gov.bd

সার্বিক সহযোগিতা ও দিকনির্দেশনায়:

১. উদ্ভিদ প্রজনন বিভাগ

২. হাইব্রিড বিভাগ

৩. জীব প্রযুক্তি বিভাগ

৪. জিকিউএন বিভাগ

৫. ধানভিত্তিক খামার বিন্যাস (আরএফএস) বিভাগ

৬. উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ এবং

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন টিম, ব্লি।

প্রকাশনা:

কৃষি পরিসংখ্যান বিভাগ

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

গাজীপুর-১৭০১।

www.brii.gov.bd

অর্থায়নে:

Program on Agricultural and Rural Transformation for Nutrition, Entrepreneurship and Resilience in Bangladesh (PARTNER)-BRII component.

প্রকাশ নং ও প্রকাশ কাল:

ব্লি প্রকাশনা নং- ৪২৯; প্রকাশকাল- ফেব্রুয়ারী, ২০২৫ (১ম সংস্করণ)

প্রকাশনা সংখ্যা- ৫,৫০০ (পাঁচ হাজার পাঁচশত) কপি।

© উদ্ভাবক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
কৃষি মন্ত্রণালয়




Rice Profile



স্মার্ট রাইস প্রোফাইল মোবাইল অ্যাপস
(স্থানভিত্তিক ধানের উপযুক্ত জাত ও শস্য বিন্যাস
সম্পর্কিত তথ্য ও পরামর্শ সেবা)



ডাউনলোড করতে স্ক্যান করুন



ICT
DIVISION
FUTURE IS HERE



OneICT
THE CAPITAL TRANSFORMER
SISTER CONCERN OF
NAC
National Agr-Care
এটো স্বপ্ন ফলাই

অ্যাপ ব্যবহার পদ্ধতি:


অ্যাপসটি Google Play Store ও Apple App Store এ "Rice Profile" লিখে সার্চ করে অ্যান্ড্রয়েড ও আইফোন ব্যবহারকারীগণ উভয়ই ডাউনলোড করে ব্যবহার করতে পারবেন। এছাড়াও ব্রি'র ওয়েবসাইটের (www.brri.gov.bd) অভ্যন্তরীণ ই-সেবা মেনুর প্রদত্ত লিংক Google play store এর জন্য (https://play.google.com/store/apps/details?id=com.ezzetech.brri) Apple App Store এর জন্য (https://apps.apple.com/in/app/rice-profile/id6444311921) ডাউনলোড করে ব্যবহার করা যাবে। থেকে ডাউনলোড করে ব্যবহার করা যাবে।

উল্লেখযোগ্য সৃজনশীল বৈশিষ্ট্য

- অ্যাপসে 'ধানের জাত নির্বাচন করুন' মেনু ব্যবহার করে কাজিফ্রুত বিভাগ, জেলা ও উপজেলার তথ্য ইনপুট হিসেবে প্রদান সাপেক্ষে ঐ অঞ্চলের জন্য rice type মোতাবেক এক বা একাধিক উপযুক্ত ধানের জাতের তথ্য প্রদান;
- নির্বাচিত উপজেলার জন্য উপযুক্ত এক বা একাধিক ধানের জাতের বিভিন্ন বৈশিষ্ট্যসমূহ পাশাপাশি তুলনামূলক বিশ্লেষণপূর্বক (Side by side analysis) সিদ্ধান্ত গ্রহণে সহায়ক;
- অ্যাপসের বিদ্যমান জেলা-উপজেলাভিত্তিক তথ্যের সাথে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) এর দেশব্যাপি ১৪টি অঞ্চলের তালিকার সংযোজন;
- জিআইএস প্রযুক্তি ব্যবহার করে দেশের ১৭টি Rice type এর এলাকাভিত্তিক মানচিত্র প্রণয়ন এবং আয়তন নির্ধারণপূর্বক ডাটাবেজের সঠিকতা নিরূপণ;
- স্মার্ট সার্চ সিস্টেমের মাধ্যমে যেকোন কী-ওয়ার্ড দ্বারা অ্যাপসে যেকোন তথ্য দ্রুত প্রাপ্তির সহজলভ্যতা;
- জিআইএস প্রযুক্তি ব্যবহার করে মৌজাভিত্তিক শস্য বিন্যাসের উপযোগিতা ম্যাপ (suitability map) তৈরির প্রেক্ষিতে ধানভিত্তিক শস্য বিন্যাস (Rice based Cropping Pattern) সম্পর্কিত তথ্য সংযোজন;
- নিবন্ধিত ব্যবহারকারীগণ ধান সংক্রান্ত যেকোন সমস্যার টেক্সট/ইমেজ/ভয়েস/ভিডিও আপলোডপূর্বক প্রেরণ করলে ticketing system ভিত্তিক সমাধান প্রাপ্তির অপশন;
- ড্যাশবোর্ডে অঞ্চলভিত্তিক ব্রি'র উদ্ভাবিত জাত অনুসন্ধান সংক্রান্ত প্রতিবেদন বিশ্লেষণের অপশন;
- বাংলা ও ইংরেজিতে ইউজার ম্যানুয়াল সংযোজন;

মোবাইল অ্যাপসটি ব্যবহারের সুবিধা:

- 'Rice Profile' মোবাইল অ্যাপস ব্যবহারের ফলে সার্বিক সেবা প্রদান প্রক্রিয়া সহজতর হবে। যেকোন ব্যবহারকারী অ্যাপসটির মাধ্যমে সেবা প্রাপ্তিতে তাৎক্ষণিকভাবে বিনা বিলম্বে, খরচ ও যাতায়াত (Time, Cost, Visit-TCV) সাশ্রয় হবে;
- অ্যাপস ও ড্যাশবোর্ডটি যথাযথভাবে ব্যবহারের ফলে সঠিক সময়ে সঠিক স্থানে সঠিক ধানের জাত আবাদের ফলে প্রায় ১০-১৫% ফলন বৃদ্ধি সম্ভব হবে যা দেশের খাদ্য উৎপাদনশীলতা বৃদ্ধিতে সহায়ক হবে;
- একই অঞ্চলভিত্তিক একাধিক ধানের জাতের সাথে অন্য একটি ধানের জাতের ধানের বৈশিষ্ট্যসমূহের তুলনামূলক বিশ্লেষণ ও উপযুক্ত ধানের জাত নির্বাচনের পদ্ধতি পরিহারপূর্বক নতুন ও অভিন্ন পদ্ধতিতে তথ্য প্রাপ্তির সুবিধা;
- অঞ্চলভিত্তিক বিভিন্ন ধরণের ধানের জাত থাকা সত্ত্বেও কৃষকদের চাহিদাভিত্তিক সুনির্দিষ্ট ধানের জাত পছন্দ/নিরূপণের ক্ষেত্রে সহজ, দ্রুত ও সাশ্রয়ী পদ্ধতি;
- কোন অঞ্চলে কোন ধরণের ধানের জাত উপযুক্ত ও চাহিদা বেশি তা নিরূপণপূর্বক তদানুযায়ী বিজ্ঞানীদের গবেষণা কার্যক্রমে সহায়ক হওয়ার ফলে অ্যাপসটি নীতিনির্ধারণী পর্যায়ে Decision making tool হিসেবে কাজ করবে;



উদ্যোগটির টেকসইত্ব:

- অঞ্চলভিত্তিক সঠিক জাত নির্বাচনের ফলে ধান আবাদে বিনিয়োগ করা হলে পরবর্তীতে কার্যকর নীট লভ্যাংশ ফেরত আসার সম্ভাবনা নিশ্চিতকরণ;
- নার্স প্রতিষ্ঠানসমূহের অন্যান্য শস্যের ক্ষেত্রে উক্ত প্রযুক্তি একটি প্রোটোটাইপ হিসেবে কাজ করবে; উক্ত প্রোটোটাইপ বিজনেস মডেল হিসেবে 'e-Variety profiler' নামে পরিচিত হবে।
- কৃষকদের দেশীয় জ্ঞান ও প্রযুক্তির সংযোগ স্থাপনের মাধ্যমে নতুন ধারণার সূচনা করা;
- উদ্যোগটি বাস্তবায়নের ফলে প্রিশিশন ও স্মার্ট এগ্রিকালচার বাস্তবায়ন;
- এসডিজি'র ২.১, ২.৩, ২.৪, ৯ক, ৯খ ও ১২.ক.১ লক্ষ্য অর্জনের মাধ্যমে টেকসই প্রযুক্তির প্রচলন করা;

উপসংহার:

এসডিজি'র লক্ষ্যমাত্রা অর্জন, জাতীয় কৃষি নীতি ও জাতীয় আইসিটি নীতিমালার সার্বিক লক্ষ্যকে বাস্তবে রূপ দেয়ার উদ্দেশ্যে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট নিরলসভাবে বিস্তৃত আকারে গবেষণা কার্যক্রম করছে। এর ফলে আধুনিক প্রযুক্তি উদ্ভাবন এবং বিভিন্ন কৃষি ও অকৃষি খাতে আইসিটির সর্বোত্তম ব্যবহারপূর্বক প্রাপ্তিক পর্যায়ে ব্যবহারকারীদের মাঝে এর সুফল পৌছে দেয়ার জন্য গবেষণায় আধুনিক প্রযুক্তি ব্যবহারের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এতে গবেষক, সম্প্রসারণ কর্মী, প্রগতিশীল কৃষকসহ সকলেই উপকৃত হবে। সেবা প্রক্রিয়া সহজীকরণের ফলে সকল পর্যায়ের ব্যবহারকারী সুফল ভোগ করবেন। মোবাইল অ্যাপস ও ড্যাশবোর্ডটি সাধারণ মানুষের হাতের মুঠোয় নিয়ে যাওয়ার ফলে টেকসই উন্নয়ন সম্ভবপূর্ণ হবে।